




গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
প্রশাসন-১ অধিশাখা
www.minland.gov.bd



স্মারক নম্বর: ৩১.০০.০০০০.০৩৫.০২৬.০১৬.১৫- ১১১২

তারিখ: ২৯ ভাদ্র ১৪২৭ বঙ্গাব্দ
১ সেপ্টেম্বর ২০২০ খ্রিষ্টাব্দ

গণবিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ভূমি মন্ত্রণালয় ও মন্ত্রণালয়ের অধিনস্থ দপ্তর/সংস্থাসমূহের সকল প্রকার নিয়োগ কার্যক্রম প্রচলিত বিধি-বিধান অনুসরণ করে স্বচ্ছতার সাথে সম্পাদন করা হয়। দুর্নীতির মাধ্যমে এই মন্ত্রণালয় এবং মন্ত্রণালয়ের অধিনস্থ দপ্তর/সংস্থা হতে কোন পর্যায়ের কোন কর্মকর্তা/কর্মচারী নিয়োগের কোন সুযোগ নাই। নিয়োগ বিজ্ঞপ্তি বহল প্রচলিত দৈনিক পত্রিকায় এবং মন্ত্রণালয়ের ও দপ্তর সংস্থাসমূহের নিজস্ব ওয়েবসাইটে যথানিয়মে প্রকাশ করা হয়।

০২। সম্প্রতি বিভিন্ন পত্রিকায় ও ইলেক্ট্রনিক মিডিয়ায় 'ভূয়া নিয়োগপত্র' দিয়ে প্রতারণার মাধ্যমে নিয়োগ প্রার্থীদের থেকে অর্থ আদায় করে আত্মসাৎ করা হচ্ছে মর্মে কয়েকটি সংবাদ মন্ত্রণালয়ের গোচরীভূত হয়েছে। এ বিষয়ে মন্ত্রণালয় প্রতারণাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট থানাকে বিষয়টি অবহিত করেছে।

০৩। নিয়োগপ্রার্থীগণ যাতে প্রতারণিত না হন সেজন্য সংশ্লিষ্ট সকলকে নিয়োগের যে কোন তথ্য ভূমি মন্ত্রণালয় এর ও মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থার ওয়েবসাইটে যাচাই করে নিয়োগ প্রক্রিয়ায় যথাযথ উপায়ে আবেদন/অংশগ্রহণ করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

০৪। সর্বসাধারণের অবগতির জন্য মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থাসমূহের ওয়েব এড্রেস নিম্নে দেয়া হলো:

ক্রমিক নম্বর	দপ্তর/সংস্থা	ওয়েব এড্রেস
১.	ভূমি মন্ত্রণালয়	https://minland.gov.bd/
২.	ভূমি আপীল বোর্ড	http://www.lab.gov.bd/
৩.	ভূমি সংস্কার বোর্ড	http://www.lrb.gov.bd/
৪.	ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর	http://www.dlrs.gov.bd/
৫.	ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র	http://www.latc.gov.bd/

০৫। কোন ব্যক্তি/প্রতিষ্ঠানের বিরুদ্ধে প্রতারণার কোন অভিযোগ পাওয়া গেলে নিকটস্থ থানাকে অবহিত করার জন্য সর্বসাধারণকে এতদ্বারা অনুরোধ করা যাচ্ছে।

০৬। জনস্বার্থে এই গণবিজ্ঞপ্তি প্রচার করা হলো।

(মোঃ মাক্ছুদুর রহমান পাটওয়ারী)

সচিব

ভূমি মন্ত্রণালয়

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)। (নিজস্ব ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

০১। চেয়ারম্যান, ভূমি আপীল বোর্ড/ভূমি সংস্কার বোর্ড, ঢাকা।

০২। প্রধান তথ্য কর্মকর্তা, তথ্য অধিদপ্তর, ঢাকা।

০৩। মহাপরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।

০৪। বিভাগীয় কমিশনার. . . (সকল)।

০৫। পরিচালক, ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, ৩/এ নীলক্ষেত, বাবুপুরা, ঢাকা।

০৬। জেলা প্রশাসক. . . (সকল)।

০৭। সিস্টেম এনালিস্ট, ভূমি মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

০৮। জনসংযোগ কর্মকর্তা, ভূমি মন্ত্রণালয়।

০৯। অফিস কপি।